



ছবি



ভিডিও



ছবি

বাংলাদেশ

মেয়র আনিসুল হকের অবস্থা ভালোর দিকে

লন্ডন প্রতিনিধি



মেয়র আনিসুল হক। প্রথম আলো ফাইল ছবি

লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের অবস্থা ভালোর দিকে। আগের চেয়ে শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে জানিয়েছেন তাঁর স্ত্রী রুবানা হক।

মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া খবরের পরিপ্রেক্ষিতে মেয়রের স্ত্রী রুবানা হকের সঙ্গে যোগাযোগ করা হয়। আজ শনিবার স্থানীয়

সময় ১১টার দিকে রুবানা হক প্রথম আলোকে বলেন, ‘যা খবর রটেছে অবস্থা তার বিপরীত। আনিসুল হক এখন নিজে নিজেই শ্বাস নিতে পারছেন।’

গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবার যুক্তরাজ্যে আসেন মেয়র আনিসুল হক। অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। সেই থেকে আজ অবধি তিনি কারও সঙ্গে কথা বলতে পারেননি। স্ত্রী রুবানা হক তাঁর চিকিৎসার বিষয়টি সার্বক্ষণিক দেখভাল করছেন।

এর আগে গত বৃহস্পতিবার রুবানা হক প্রথম আলোকে জানান, আনিসুল হক ধীরে ধীরে চোখ খুলছেন। কিন্তু তাঁকে যে এত দিন ঘুম পাড়িয়ে রাখা হয়েছিল, সেই ঘুমের ঘোর কাটতে সপ্তাহখানেক লাগবে বলে জানিয়েছেন চিকিৎসকেরা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো

করণ

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো